

PRINT

# সমকাল

ইবির ভর্তি পরীক্ষা

## ভুল-অনিয়মের দায় কার?

৯ ঘণ্টা আগে

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় একের পর এক ভুল প্রশ্নপত্র, উত্তরপত্রের মধ্যে অসঙ্গতি এবং অন্যান্য অনিয়মের ঘটনা ঘটছে। শনিবার প্রকাশিত সমকালের একটি প্রতিবেদনে বলা হয়, গত তিন বছরে একবারও সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে পারেনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন। সংশ্লিষ্টদের দায়িত্বহীনতা, অনভিজ্ঞতা যে এ জন্য দায়ী তা নিয়ে সংশয় নেই। এর ফলে শুধু যে বিশ্ববিদ্যালয়ের মানই ক্ষুণ্ণ হচ্ছে তাই নয়, দেখা দিয়েছে আস্থার সংকটও। ভর্তি পরীক্ষার কমিটিতে অযোগ্য-পছন্দের ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়ার অভিযোগ রয়েছে। জবাদিহি-দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত হলে এমন ঘটনার পুনরাবৃত্তি ঘটত না। ইসলামী বিশ্ববিদ্যালয়ে বারবার একই ঘটনার পুনরাবৃত্তি এটাই প্রমাণ করে যে, এসবের পাঠই যেন চুকে গেছে। একই সঙ্গে প্রশ্ন দেখা দিয়েছে, কোন হীনস্বার্থ চরিতার্থকরণের জন্য অনিয়ম-ভুল শোধরানোর ব্যবস্থা নেওয়া হচ্ছে না? বিশ্ববিদ্যালয় প্রশাসন এর দায়ভার কোনোভাবেই এড়াতে পারে না। ভুল-অনিয়ম-অসঙ্গতির প্রমাণ পাওয়ার পরও কেন যথাযথ ব্যবস্থা না নিয়ে পুনরায় একই পথ অনুসরণ করা হলো- এ প্রশ্নের জবাব দেওয়ার দায়ও তাদেরই। অনিয়ম ও স্বেচ্ছাচারিতার কারণে প্রতিষ্ঠানটির স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠাই তো স্বাভাবিক। শিক্ষায় এ ধরনের পরিস্থিতি একদিকে যেমন কাম্য নয়, অন্যদিকে তা মেনে নেওয়ার মতোও নয়। এর যথাযথ প্রতিকারের মধ্যেই নিহিত রয়েছে প্রতিবিধান। ইসলামী বিশ্ববিদ্যালয়ের হুত সুনাম পুনরুদ্ধারে উপযুক্ত ব্যবস্থা নিশ্চিত করতেই হবে। কর্তৃপক্ষের ভুলের কারণে শিক্ষার্থীদের মাশুল গুনতে হবে কেন? বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করা দরকার। দেশের অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানেও এমন ঘটনা বিভিন্ন সময়ে ঘটেছে। বছরের পর বছর ধরে পরীক্ষার প্রশ্নপত্র ভুল ও উত্তরপত্র মূল্যায়নে অসঙ্গতির কারণে পরীক্ষার্থীদের মানসিক ভোগান্তির ঘটনা ঘটে চলেছে। যারা প্রশ্নপত্র তৈরি করেন, উত্তরপত্র মূল্যায়ন করেন, যারা সেগুলো যাচাই করেন তাদের কি কোনো জবাবদিহি নেই? যারা ভুল করেছেন তাদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ নেওয়া বাঞ্ছনীয়।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com